বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩.২৪৮ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলায় কর্মরত থাকাকালীন পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০৩১.০২৫.০০.০০.০৪৬.২০১০-৪২০ তারিখ: ০৪.০৬.২০১২ খ্রিঃ এবং বোর্ডের স্মারক নং- পাউবো(সচি)/প্র-১/৪৩৭ তারিখঃ ০৭.০৮.২০১২ খ্রিঃ মোতাবেক কতিপয় শর্তসাপেক্ষে বিগত ০৫.০৩.২০১৩ খ্রিঃ তারিখ হতে ০৪.০৪.২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১(এক) মাসের ছুটি নিয়ে ব্যক্তিগতভাবে যুক্তরাষ্ট্রে ভ্রমণ করেন। পরবর্তীতে ১(এক) মাস ৭(সাত) দিন অতিরিক্ত অননুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে ভ্রমণ করতঃ বিগত ১২.০৫.২০১৩ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে ভোলা পওর বিভাগ-১ এ যোগদান পত্র দাখিল করেন। অতঃপর ১২.০৫.২০১৩ খ্রিঃ তারিখে ভোলা পওর বিভাগ-১ এ যোগদান করে পরবর্তীতে দপ্তরে ও কাজে অননুমোদিতভাবে অনুপস্থিতি সংক্রান্ত অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩-৩৮৯ তারিখ: ০৬-১১-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা আনয়নপূর্বক কার্যধারা সূচনা করতঃ ১০ কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানায় অর্থাৎ ভোলা পওর বিভাগ-১ এর ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জমাদারবাড়ী, ওয়ার্ড নং-৪, ৯নং বড় মানিকা ইউনিয়ন পরিষদ, পোস্ট- কাশিগঞ্জ, উপজেলা- বোরহানউদ্দীন, জেলা-ভোলা এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। কর্মস্থলের ঠিকানায় প্রেরিত পত্রখানা "প্রাপক ঠিকানায় থাকেন না ফেরৎ দিয়াছি" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরৎ এসেছে। কিন্তু স্থায়ী ঠিকানায় প্রেরিত প্রেরিত পত্রখানা দীর্ঘদিন অতিবাহিত হওয়া সত্বেও ফেরৎ আসেনি এবং তার নিকট হতে জবাবও পাওয়া যায়নি।

২। জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা এর বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩-৪৭২ তারিখ: ২৬-১২-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার উপর বাপাউবোর্ডের "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩-২০৮ তারিখ: ০৬-০৫-২০২৪ খ্রিঃ এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানায় অর্থাৎ ভোলা পওর বিভাগ-১ এর ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জমাদারবাড়ী, ওয়ার্ড নং-৪, ৯নং বড় মানিকা ইউনিয়ন পরিষদ, পোস্ট- কাশিগঞ্জ, উপজেলা- বোরহানউদ্দীন, জেলা-ভোলা এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয় এবং একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। সেই সাথে উক্ত নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয় এবং কর্মকর্তার ব্যক্তিগত হোয়াটস অ্যাপে প্রেরণ করা হয়। কর্মস্থলের ঠিকানায় প্রেরিত পত্রখানা "বর্তমানে দেশের বাইরে প্রাপক আছেন তাই ফেরৎ" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরৎ এসেছে। কিন্তু স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রখানা দীর্ঘ দিন অতিবাহিত হওয়া সত্বেও তা ফেরৎ আসেনি এবং জবাবও পাওয়া যায়নি।

৪। জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৫.০৩.২০১৩ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এমতাবস্থায়, জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৫-০৩-২০১৩ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবোর্ডের "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৩/০৬/২০২৪
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

E:\Quddus\OO.Dismiss.docx24

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩.২৪৮(৭)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৩জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, প্রশিক্ষণ/কর্মচারী/অডিট/অর্থ/হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/ভোলা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ভোলা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।

৫। নির্বাহী প্রকৌশলী, ভোলা পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, ভোলা।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৭। ক। জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা।
খ। জনাব রুহুল আমিন প্রযত্নে- মাহাবুবুর রহমান (আলমগীর মাস্টার), জমাদারবাড়ী, ওয়ার্ড নং-৪, ৯নং বড় মানিকা ইউনিয়ন পরিষদ, পোস্ট- কাশিগঞ্জ, উপজেলা- বোরহানউদ্দীন, জেলা-ভোলা।

০৩/০৬/২৪

শেখ মোঃ আবদুল খালেদ
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১